

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর

নগর উন্নয়ন অধিদপ্তরের নৈতিকতা কমিটির ২০১৯-২০২০ অর্থ বছরের ১ম কোয়ার্টার এর সভার কার্যবিবরণী

সভাপতি	ড. খুরশীদ জাবিন হোসেন তৌফিক পরিচালক
সভার তারিখ	১৭/০৭/২০১৯
সভার সময়	সকাল ৯.৩০ মিঃ
স্থান	অধিদপ্তরের সম্মেলন কক্ষ
উপস্থিতি	উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক' এ সংযুক্ত

সভার শুরুতে নৈতিকতা কমিটির সভাপতি ড.খুরশীদ জাবিন হোসেন তৌফিক, পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

২। সভাপতি মহোদয় ২০১৮-১৯ অর্থ বছরের প্রধান কার্যালয় এবং আঞ্চলিক অফিসের শুদ্ধাচার পুরস্কার প্রাপ্তদের মাঝে শুদ্ধাচার পুরস্কার হিসেবে একটি ক্রেস্ট, সার্টিফিকেট এবং সম্মানী বাবদ এক মাসের মূল বেসিক এর সমপরিমান অর্থ প্রদান করেন।

৩। সিনিয়র প্ল্যানার কাজী মোঃ ফজলুল হক সভাকে জানান যে, ২০১৮-১৯ অর্থ বছরে নগর উন্নয়ন অধিদপ্তর ৮১.৭৬ পয়েন্ট পেয়েছে নিজস্ব মূল্যায়নে। নতুন অর্থ বছরে এই সাফল্যে আরো বৃদ্ধির জন্য আঞ্চলিক অফিস প্রধানগণ সহ সকলের সহযোগিতা কামনা করেন।

৪। সভায় দপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনা, ২০১৯-২০২০ এর ১ম কোয়ার্টার এর লক্ষ্যমাত্রা আলোচনা করা হয় (কপি সংযুক্ত)। পরিচালক মহোদয় উপস্থিত সকলকে ১ম কোয়ার্টার এর লক্ষ্যমাত্রা যথাসময়ে অর্জনে সচেষ্ট থাকার আহ্বান জানান।

৫। সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

৫.১। নগর উন্নয়ন অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনা, ২০১৯-২০২০ এর ১ম কোয়ার্টার এর লক্ষ্যমাত্রা যথাসময়ে বাস্তবায়নে সচেষ্ট থাকতে হবে।

৫.২। আঞ্চলিক অফিস কর্তৃক প্রেরিত পরিবীক্ষণ কাঠামোর খসড়া/মূল প্রতিবেদন মেইলে পাঠানোর পর সংশ্লিষ্ট কর্মকর্তাকে ফোনের মাধ্যমে নিশ্চিত করার জন্য পরিচালক মহোদয় সভায় নির্দেশনা প্রদান করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

ড. খুরশীদ জাবিন হোসেন তৌফিক
পরিচালক

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৯৯.০০৫.১৭.৭৬


তারিখ: ১৬ শ্রাবণ ১৪২৬

৩১ জুলাই ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ২) অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিবের দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ৩) পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর

- ৪) উপসচিব, উন্নয়ন শাখা-৯, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ৫) উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৬) উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৭) সিনিয়র কর্মকর্তাবৃন্দ, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা
- ৮) সিনিয়র প্ল্যানার, আরবান প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর (ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)
- ৯) সিনিয়র প্ল্যানারবৃন্দ আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর
- ১০) সহকারী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী(সার্ভে), নগর উন্নয়ন অধিদপ্তর
- ১১) হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর
- ১২) প্রশাসনিক কর্মকর্তা, উন্নয়ন শাখা-৯, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ১৩) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর



কাজী মোঃ ফজলুল হক
সিনিয়র প্ল্যানার